

B.A. 1st Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-II

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) কলাবৃত্ত রীতিতে মাত্রাগণনার সময় মুক্ত ও রুদ্ধদলের মান কত হয় লেখো।
- (খ) মিশ্রবৃত্ত ছন্দের শোষণশক্তি বলতে কী বোঝো?
- (গ) সনেট কাকে বলে?
- (ঘ) লুপ্তযতি বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
- (ঙ) ভাবযতি কাকে বলে?
- (চ) অতিপর্ব কাকে বলে? দৃষ্টান্ত দাও।
- (ছ) মহাপয়ারের একটি উদাহরণ দাও।
- (জ) অমূল্যধন মুখোপাধ্যায় দলবৃত্ত ও কলাবৃত্ত ছন্দের কী কী নাম দেন?
- (ঝ) উদাহরণ-সহ অসঙ্গতি অলংকারের সংজ্ঞা দাও।
- (ঞ) উদাহরণ-সহ দৃষ্টান্ত অলংকারের সংজ্ঞা দাও।
- (ট) পূর্ণোপমার চারটি অংশের নাম লেখো।
- (ঠ) কাকু বক্রোক্তি-র একটি উদাহরণ দাও।
- (ড) ভ্রান্তিমান অলংকার কাকে বলে?
- (ঢ) সমাসোক্তি অলংকারে উপমানের ভূমিকা কী?
- (ণ) বিরোধাভাস অলংকারের দৃষ্টান্ত দিয়ে বিরোধাভাস বুঝিয়ে দাও।

২। 'ক' ও 'খ' — প্রতিটি বিভাগ থেকে দুটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) যে-কোনো দুটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো :
- (অ) হেড আফিসের বড় বাবু লোকটি বড় শান্ত
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জান্ত?
- (আ) পথের প্রান্তে আমার তীর্থ নয়
পথের দু'ধারে আছে মোর দেবালয়।
- (ই) জীবন মছন-বিষ নিজে করি পান
অমৃত যা উঠেছিল করে গেছ দান

(খ) যে-কোনো দুটি অলংকার নির্ণয় করো :

(অ) রাজ্য তব স্বপ্নসম গেছে ছুটে।

(আ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আঙনে আঙনে কথা।

(ই) নামে সন্ধ্যা তন্দ্রালসা, সোনার-আঁচল-খসা,
হাতে দীপশিখা।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

(ক) উদাহরণ-সহ মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা,

উদাহরণ-সহ অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) রূপক অলংকারের সংজ্ঞা ও রূপক অলংকারের প্রকারভেদ উদাহরণ দিয়ে আলোচনা করো।

অথবা,

শব্দালংকারের সঙ্গে অর্থালংকারের পার্থক্য লেখো। উদাহরণ-সহ শ্লেষ ও যমক অলংকারের পার্থক্য আলোচনা করো।